# Times Today BD

মো. কামরুজ্জামান | ক্যাম্পাস | 17 April, 2025

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের স্নাতক শ্রেণির ভর্তি পরীক্ষায় 'বি' ইউনিটের ফলাফল প্রকাশিত হয়েছে।আজ বৃহস্পতিবার (১৭ এপ্রিল) এই ফল প্রকাশ করে বিশ্ববিদ্যালয় প্রশাসন।বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত ছয়টি বিভাগ এবং ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট–এই ইউনিটের অন্তর্ভুক্ত।

ফলাফলের পরিসংখ্যান অনুযায়ী, 'বি' ইউনিটে মোট পরীক্ষার্থী ছিলেন ৪২ হাজার ৪৩৩ জন।এর মধ্যে বাণিজ্য গ্রুপের ১৭ হাজার ৬৮৪ জন পরীক্ষার্থীর মধ্যে ৬ হাজার ২১৮ জন উত্তীর্ণ হয়েছেন, পাসের হার ৩৫.১৬ শতাংশ।অন্যদিকে, অ-বাণিজ্য গ্রুপের ১৭ হাজার ৪০৩ জনের মধ্যে উত্তীর্ণ হয়েছেন মাত্র ৯৫০ জন, যা ৫.৪৬ শতাংশ।অ-বাণিজ্য গ্রুপের বিজ্ঞান শাখা থেকে ৬১৮ জন এবং মানবিক শাখা থেকে উত্তীর্ণ হয়েছেন ৩৩২ জন।

উভয় গ্রুপ মিলিয়ে গড় পাসের হার দাঁড়িয়েছে ২০.৪৩ শতাংশ।বাণিজ্য গ্রুপে সর্বোচ্চ প্রাপ্ত নম্বর ৭৭.৫০ এবং অ-বাণিজ্য গ্রুপে ৬০.২৫।এই ইউনিটে মোট আসন সংখ্যা ৫৫৯টি।এর মধ্যে বাণিজ্য গ্রুপের জন্য ৩৬৭টি, অ-বাণিজ্য গ্রুপের বিজ্ঞান শাখার জন্য ১৬৬টি এবং মানবিক শাখার জন্য ২৬টি আসন বরাদ্দ রয়েছে।

বিশ্ববিদ্যালয়ের ভর্তি সংক্রান্ত ওয়েবসাইটে □□□□□://□□□□□□□□□□□□.□□.□□.□□/ -এ লগইন করে শিক্ষার্থীরা এসএসসি ও এইচএসসি পরীক্ষার রোল নম্বর, শিক্ষা বোর্ড এবং পাসের বছর দিয়ে ফলাফল দেখতে পারবে।প্রকাশিত ফলাফলে কোনো ভুল-ভ্রান্তি থাকলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তা সংশোধনের অধিকার সংরক্ষণ করে।

উত্তীর্ণ শিক্ষার্থীদের পরবর্তী করণীয় সংক্রান্ত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট □□□□□://□□□□□□□□□□.□□.□□.□□/ এবং ভেরিফাইড ফেসবুক পেজ □□□□□□□□□□ □□ □□□□□□□□-তে পাওয়া যাবে।

ভর্তি পরীক্ষা বি' ইউনিট

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 23:22

URL: https://www.timestodaybd.com/campus/978455901